নির্বাচন নির্ধারিত সময়েই হবে, অনিশ্চয়তার কোনো জায়গা নেই: প্রেস সচিব



প্রেস সচিব শফিকুল ইসলাম: সংগৃহীত ছবি

নির্বাচন নিয়ে কোনো ধরনের অনিশ্চয়তা নেই বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি জানান, ঘোষিত সময় অনুযায়ীই নির্বাচন অনুষ্ঠিত হবে এবং সকল রাজনৈতিক দলের অংশগ্রহণ নিশ্চিত করতে লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির পদক্ষেপ নেওয়া হচ্ছে। এছাড়া পিআর পদ্ধতির বিষয়েও আন্তরিক আলোচনা চলছে বলে জানান তিনি।

নির্বাচন প্রসঙ্গে নিশ্চিত অবস্থান জানিয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, "নির্বাচন নিয়ে কোনো অনিশ্চয়তা নেই। প্রধান উপদেষ্টা যে সময় নির্বাচন ঘোষণা করেছেন, ঠিক সে সময়েই নির্বাচন অনুষ্ঠিত হবে।"

শনিবার (১৯ জুলাই) কুমিল্লার বার্ডের ময়নামতি অডিটোরিয়ামে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আয়োজিত TEDxComilla University অনুষ্ঠানে অংশগ্রহণ শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, "নির্বাচনের জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত করা হবে। সকলের জন্য সমান সুযোগ থাকবে। অতীতের যেকোনো সময়ের তুলনায় এবারের নির্বাচন আরও গ্রহণযোগ্য ও স্বচ্ছ হবে।"

সংসদ নির্বাচনে পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রেস সচিব জানান, "এই পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে আলোচনা চলছে এবং সবাই বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করছে। নির্বাচন কমিশনসহ সংশ্লিষ্ট মহলে বিষয়টি নিয়ে আন্তরিক আলোচনা চলছে।"

এদিন "The Next Wave" প্রতিপাদ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বারের মতো আয়োজিত TEDxComilla University অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হায়দার আলী, এসট্রো ফটোগ্রাফার জুবায়ের কাওলিন, চরকির সিইও রেদওয়ান রনি, লেখক ডেলএইচ খান, কণ্ঠশিল্পী আসিফ আকবর, সংবাদ উপস্থাপক ফারাবি হাফিজসহ আরও অনেকে। অনুষ্ঠানটি বিভিন্ন পেশার মানুষ ও শিক্ষার্থীদের মধ্যে উদ্ভাবনী চিন্তা ও অনুপ্রেরণা ছড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।